

বাংলাদেশ

দাবি মেনে প্রজ্ঞাপন না দিলে ৩০ মে থেকে কঠোর কর্মসূচির হুমকি নার্সদের

নিজস্ব প্রতিবেদক ঢাকা

আপডেট: ২৪ মে ২০২৫, ১৯: ০৪



রাজধানীর সেগুনবাগিচায় ক্র্যাব মিলনায়তনে এক সংবাদ সম্মেলন করে ডিপ্লোমা ইন নার্সিং ও মিডওয়াইফারি ডিগ্রি বাস্তবায়ন কমিটি ছবি: ভিডিও থেকে

ডিপ্লোমা ইন নার্সিং এবং ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্সকে স্নাতক (পাস) সমমান ঘোষণা করার প্রজ্ঞাপন জারি না হলে ৩০ মে থেকে কঠোর কর্মসূচি যাওয়ার হুমকি দিয়েছে ডিপ্লোমা ইন নার্সিং ও মিডওয়াইফারি ডিগ্রি বাস্তবায়ন কমিটি। আজ শনিবার রাজধানীর সেগুনবাগিচায় ক্র্যাব মিলনায়তনে এক সংবাদ সম্মেলন থেকে এ ঘোষণা দেওয়া হয়।

সংবাদ সম্মেলনে কথা বলেন ডিপ্লোমা ইন নার্সিং ও মিডওয়াইফারি ডিগ্রি বাস্তবায়ন কমিটির মন্ত্রণালয়ভিত্তিক প্রতিনিধি শিক্ষানবিশ নার্স এ বি শক্তি ও সালমান রাতুল এবং মিডওয়াইফারি শিক্ষার্থী মিথিলা ও ছোহাইমা রাফা। তাঁরা জানান, ২৯ মে তাঁদের দাবির বিষয়ে আন্তঃমন্ত্রণালয় সভা হওয়ার কথা রয়েছে। সেখানে যদি তাঁদের দাবি মেনে লিখিত কোনো প্রস্তাবনা না আসে, তাহলে তাঁরা কঠোর কর্মসূচিতে যাবেন।

এ বিষয়ক এক সংবাদ বিজ্ঞপ্তিতে ডিপ্লোমা ইন নার্সিং ও মিডওয়াইফারি ডিগ্রি বাস্তবায়ন কমিটির নেতারা বলেন, যে যোগ্যতা নিয়ে তাঁরা নার্সিংয়ে ভর্তি হন, তিন বছর পড়ালেখা ও পেশাগত পরীক্ষায় পাস করার পরও তাঁদের ডিগ্রির মান ভর্তিকালীনই থাকে; যা সম্পূর্ণ অমানবিক এবং শিক্ষার্থীদের প্রতি বৈষম্য। এটি মেনে নেওয়ার কোনো সুযোগ নেই।

